

# ছাত্রলীগ নেতাকর্মীদের খেপ্তার নিয়ে পুলিশের রহস্য

সংখ্যা ও অবস্থান নিয়ে নিশ্চিত তথ্য মেলেনি

কাগজ প্রতিবেদক : দেশের বিভিন্ন জেলা থেকে ঢাকায় ছাত্রলীগের সম্মেলনে যোগ দিতে আসা কতোজন ছাত্রলীগ নেতাকর্মী খেপ্তার করা হয়েছে এবং তাদেরকে কোথায় রাখা হয়েছে তা নিয়ে পুলিশ রহস্যজনক আচরণ করছে। অর্ধশতাধিক নেতাকর্মীকে খেপ্তারের ঘটনাটি পুলিশ পুরোপুরি এড়িয়ে যেতে চাইছে এবং তাদের অবস্থানের ব্যাপারে নিশ্চিত করে কোনো তথ্য দিচ্ছে না।

গত বুধবার দিবাগত রাতে রাজধানীর বিভিন্ন আবাসিক হোটেল ও রাস্তা থেকে গোয়েন্দা ও বিভিন্ন থানা পুলিশ ছাত্রলীগের নেতাকর্মীদের খেপ্তার করে। কতোজন ছাত্রলীগ নেতাকর্মীকে খেপ্তার করা হয়েছে পুলিশ প্রথম দিনই এ তথ্য দিতে অস্বীকার করে। ছাত্রলীগও সংখ্যা নিশ্চিত করে

বলতে পারেনি। কেননা সম্মেলন উপলক্ষে রাজধানীতে বিভিন্ন জেলা থেকে অসংখ্য ছাত্রলীগ নেতাকর্মী আসেন। বিচ্ছিন্নভাবে নেতাকর্মী খেপ্তারের ফলে এই হিসাব পাওয়া যায়নি। অন্যদিকে নেতাকর্মীদের খেপ্তারের পর পুলিশও পুরো বিষয়টি এড়িয়ে যায়। পুলিশের পক্ষ থেকে বলা হয় নিয়মিত হোটেল ও বিভিন্ন স্থানে অভিযানের অংশ হিসেবেই তাদের খেপ্তার করা হয়। ছাত্রলীগ হিসেবে তাদের খেপ্তার করা হয়নি। পুলিশের একটি নির্ভরযোগ্য সূত্র জানায় উর্দুভন কর্তৃপক্ষের নির্দেশেই তাদের খেপ্তার করা হয়। খেপ্তারের পর এদের বিভিন্ন মামলার জড়ানোর চেষ্টাও করা হয়। কিন্তু সুনির্দিষ্ট কোনো অভিযোগ বা কোনো ঘটনা না থাকার কারণে এদের ৫৪ ঘন্টার খেপ্তার

## ছাত্রলীগ নেতাকর্মীদের খেপ্তার

● প্রথম পাতার পর

দেখানো হয়।

এদিকে খেপ্তারকৃত ছাত্রলীগ নেতাকর্মীরা বর্তমানে কোথায় আছেন এ নিয়ে দু'ধরনের ভাষা পাওয়া গেছে। পুলিশের একটি সূত্র বলেছে, এদের আদালতে পাঠিয়ে দেওয়া হয়েছে। সেখানে কেউ জামিন পেয়েছে কাউকে জেল হাজতে পাঠিয়ে দেওয়া হয়েছে। পুলিশের অপর সূত্র বলেছে, খেপ্তারকৃত কাউকে আবার থানা থেকে ছেড়ে দেওয়া হয়েছে আবার কাউকে সুনির্দিষ্ট মামলার জড়িয়ে আদালতে পাঠিয়ে দেওয়া হয়েছে। এই সূত্র জানায়, খেপ্তার করার পর ছাত্রলীগের নেতাকর্মীদের ওপর পুলিশ কমবেশি নির্বাহনও চালায়। এই নির্বাহনের কারণে দু'একজন অসুস্থ হয়ে পড়া অশ্বাস্তবিক কিছু না। কিন্তু কতোজন খেপ্তার, তাদের বিলুপ্ত কি কি অভিযোগ এবং নির্বাহনের কারা কারা অসুস্থ সে সব বিষয়ে পুলিশের কোনো বক্তব্য না থাকায় পুরো বিষয়টি নিয়ে রহস্যের সৃষ্টি হয়েছে।